



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ : ৯-১-২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন গাউন সংগ্রহ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আগামী ১৭ই জানুয়ারি ২০১৭ তারিখ মঙ্গলবার বিকেল ৩:০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে অংশগ্রহণের জন্য নিবন্ধনকৃত গ্র্যাজুয়েটদের সমাবর্তন গাউন নিম্নোক্ত সিডিউল অনুযায়ী বিতরণ করা হবে।

১৩-১-২০১৭ (শুক্রবার) সকাল ৯:৩০-রাত ১০টা

১৪-১-২০১৭ (শনিবার) সকাল ৯:৩০-রাত ১০টা

১৫-১-২০১৭ (রবিবার) সকাল ৯:৩০-রাত ১০টা

স্থান : জাতীয় বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়, বাড়ি # ৫৮, রোড # ৮/এ, ধানমন্ডি, ঢাকা।

নিজে সশরীরে উপস্থিত হয়ে বা প্রত্যায়িত প্রতিনিধির মারফত উল্লিখিত সময়সূচি অনুযায়ী সমাবর্তন গাউন সংগ্রহ করা যাবে এবং গাউন সংগ্রহের সময় প্রমাণপত্র হিসেবে নিবন্ধনের কনফার্মেশন কপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে আনতে হবে।

সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটবৃন্দের চূড়ান্ত তালিকা এবং কে কোন কক্ষে আসন গ্রহণ করবেন তা যথাসময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) ও কনভোকেশন সাইটে (www.convocation.nu.edu.bd) প্রকাশ করা হবে।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়